এন, গাঙ্গুলীর কৃত

## ব্লু-ব্ল্যাক কালির বড়ি।

প্রতি বড়ি ৫ পয়সা, ১০০ শত ॥৵০, ২০০ শত ১৷৵০, ৫০০ শত ২॥৵০, ১০০০ হাজার ৪॥০ টাকা। সর্ব্বত্র এজেন্ট চাই।

জঙ্গিপুর সংবাদ অফিস,
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৮শে কার্ত্তিক বুধবার, ১৩২৪ সাল।

## বিজয়ান্তে।

আমাদিগের গ্রাহক, পাঠক, পৃষ্ঠপোষক ও সহযোগিবর্গ যথাযোগ্য প্রণাম, নমস্কার ও আশীর্ব্বাদসহ ৺বিজয়ার অধিবেশন গ্রহণ করুন।

## বিজয়োৎসব।

ত্রেতা যুগে অযোধ্যাপতি রামচন্দ্র মায়ের অর্চ্চনা করিয়া শত্রুসহ রণে বিজয়লাভ করিয়াছিলেন। আজিও প্রতি বৎসর হিন্দু সন্তানগণ মায়ের শ্রীপাদপদ্ম অর্চ্চনা করিয়া বিজয়োল্লাসে উন্মত্ত হইয়া উঠে কেন? প্রতি বৎসরই কি রাবণ বধ হইতেছে? হিন্দুগণ চিরদিনই রাজানুগত, অকৃত্রিম রাজভক্ত। রাজার সুখে সুখী রাজার দুঃখে দুঃখী। যে দিন তাহাদের রাজা বিজয় গৌরবে মণ্ডিত হইয়াছিলেন, সেই দিনকে অতি শুভ ও পবিত্র দিন বলিয়া অতীত বিজয়োৎসবে মাতোয়ারা হইয়া উঠে। যে দুর্গার কৃপায় রাজা রামচন্দ্র শত্রুনিধনে সক্ষম হইয়াছিলেন, সেই দুর্গোৎসব আজ হিন্দুর সর্ব্বপ্রধান পর্ব্ব।

ত্রেতার রাজা রামচন্দ্র যেমন প্রবল শত্রু রাবণের সহিত মহাযুদ্ধ ব্যাপৃত হইয়াছিলেন আমাদের বর্ত্তমান সম্রাট্ও তেমনি প্রবল শত্রুর সহিত মহাযুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন। আজিও ভারতবাসী কায়মনোবাক্যে সম্রাটের জয়লাভ কামনা করিতেছে। শত শত ভারত সন্তান রাজার সপক্ষে অস্ত্রধারণ করিয়াছে। মা দুর্গে! তুমি সুদূর অতীতকালে এক দিন রাজ-শত্রু-বিনাশে সহায়তা করিয়াছিলে—আমরা তাহা চক্ষে দেখি নাই, কেবল পুরাণেই শুনিয়াছি, এবার স্বচক্ষে দেখিবার অবসর আসিয়াছে। বিজয়োৎসব দেখা মা!

আয়ুরারোগ্য-বিজয়ং দেহি দেবি
নমোস্তুতে।

## জঙ্গিপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট।

আমাদের জঙ্গিপুরের সহৃদয় সবডিবিসনাল অফিসার বাবু লালবিহারী দাস মহাশয় গত মহাষ্টমীর দিন বহু কাঙ্গালীকে চাউল ও পয়সা বিতরণ করিয়াছেন। দাতা শতং জীবতু।

## মোগল বাদসাহ বাবরের রাজত্বের মুদ্রা।

জঙ্গিপুর মহকুমার মির্জাপুর থানার অন্তর্গত মুনিগ্রাম হইতে সাগরদিঘি পর্য্যন্ত লোকাল বোর্ডের একটী রাস্তা প্রস্তুত হইতেছে সেই রাস্তায় মাটি তুলিবার সময় কয়েকজন কুলি কয়েকটী রৌপ্য মুদ্রা ও কিঞ্চিৎ সোনা পাইয়াছে। মুদ্রাগুলিতে আকবর বাদসাহের পিতামহ বাবর বাদশাহের নাম অঙ্কিত রহিয়াছে প্রাপ্ত মুদ্রা কে পাইবে তাহার মীমাংসা না হওয়া পর্য্যন্ত মির্জাপুর থানার পাউলী ইউনিয়নের প্রেসিডেণ্ট পঞ্চায়েৎ ডাক্তার সাখোয়াৎ হোসেনের নিকট রহিয়াছে।

## বৃষ্টিপাত।

এবার দেবীর গজে আগমনের ফল অক্ষরে অক্ষরে ফলিয়াছে। সপ্তমী পূজার দিন বেশ বৃষ্টি হইয়াছিল। তাহাতে হৈমন্তিক ধান্যের কোন ক্ষতি হয় নাই। কিন্তু গত কোজাগরী পূর্ণিমার দিন বেলা ১২টা হইতে ক্রমাগত তিন দিন ধরিয়া অবিশ্রান্ত বারিধারা বর্ষণ হইয়াছিল। বাতাসও সামান্য ছিল এই শেষোক্ত বৃষ্টিতে অনেক ধান গাছ পড়িয়া গিয়াছে। ফসলের হানিও হইয়াছে। রবি শস্যের আশা খুব কম। এখনও রবি শস্য বপন করা হয় নাই।

## মিউনিসিপ্যাল কমিশনার খালাস।

জঙ্গিপুর মিউনিসিপালিটীর অন্যতম কমিশনার বাবু পূর্ণচন্দ্র রায় চৌধুরী মিউনিসিপালিটীর রাস্তা কাটিয়া তাঁহার একটী পুষ্করিণীতে জল প্রবেশ করাইয়াছেন বলিয়া ফৌজদারী আদালতে অভিযুক্ত হইয়াছিলেন। সম্প্রতি তাঁহার বিচার শেষ হইয়াছে। বিচারক পূর্ণ বাবুকে খালাস দিয়াছেন পূর্ণ বাবু খালাস পান আর দণ্ডিতই হউন, তাহাতে সাধারণের কিছু যায় আসে না। মিউনিসিপালিটীর ধন ভাণ্ডার কেবল মাত্র বাবুদের সুলভ অর্থে পরিপুষ্ট নহে। ইহাতে কাঙ্গালের বহু কষ্টের অর্জ্জিত অর্থও আছে। এমন কি কাঙ্গালের ঘটী বাটী তুলিয়াও ইহার ভাণ্ডার পূর্ণ করা হয়। সেই অর্থ অযথা মামলা মোকদ্দমায় ব্যয়িত হইতে দেখিলে কষ্ট হয়। কেবল এই মামলা নহে, ইতিপূর্ব্বে আরও কয়েকটী মামলায় এইরূপ অর্থ ব্যয় করিয়া এই প্রকারই ফললাভ হইয়াছে। যে কার্য্যে জিতিলে পৌরুষ নাই হারিলে অযশ তাহা করা কি ভাল?

## নীলামের ইস্তাহার।

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৯শে নভেম্বর ১৯১৭।

৭৫৯ রেহান ডিঃ উদয়চন্দ্র দে দেং উমেদালী মণ্ডল দাবি ৩৩০৮৬ পং গনকর মৌজে চক কুতুবপুর ৬৷০॥০ কাত ৭৮০ আঃ ৬০৲

### চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৯শে নভেম্বর ১৯১৭।

৫৯৫ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং বিন্দুবাসিনী দেব্যা দাবি ১০৶৩ পঃ রকুনপুর মৌজে চিন্তামণি ॥৪ কাত ৮৵৩ আঃ ৫৲

৫৮৪ খাং ডিঃ ঐ দেং দয়া বিবি দিং দাবি ১৭।৩ পং গয়সাবাদ মৌজে বিলাইহাচি ১/১ কাত ৮৵৪ আঃ ৫৲

৫৮৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫১৶ পরগনাদি ঐ ১০৴ কাত ৭॥৴৬ আঃ ২৫৲

৫৮৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২।৶৬ পং ঐ মৌজে রাজানগর ১।৩ কাত ২৶ আঃ ১০৲

৫৮৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৫।৶৯ পঃ রুকুনপুর মৌজে অমরকুণ্ডা ১১।৮ কাত ৮ ১০ আঃ ২৫৲

৫৮৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭১৶৯ পং গয়সাবাদ মৌজে সটাঙ্গাপাড়া ১৩৴ কাত ১০॥৵৭ আঃ ৫০৲

৫৯০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৵৩ পং রুকুনপুর মৌজে অমরকুণ্ডা ২॥ কাত ১।৶৮ আঃ ১০৲

৫৯১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২।৶ পঃ গয়সাবাদ মৌঃ সটাঙ্গপাড়া ৭।১ কাত ৫৮৶২ আঃ ২০৲

৭০১ খাং ডিঃ ঐ দেং কুড়ান সেখ দাবি ৫৪৶ পঃ নস্করপুর মৌজে দিয়াড় মাণিকচক ৪।০৮ কাত ৮॥৴৪ আঃ ১৫৲

৬৯৬ খাং ডিঃ ঐ দেং কুমারিশচন্দ্র দাস দাবি ২১৴৩ পঃ নস্করপুর মৌজে বাজুপুর ৩৴২ কাত ৪৲ আঃ ৮৲

৬৯৯ খাং ডিঃ ঐ দেং জুলু বেওয়া দাবি ২৪৲৩ পং ঐ মৌজে ঐ ৩॥ কাত ৩৴ আঃ ১০৲

৬০২ খাং ডিঃ ঐ দেং হাউস সেখ দিং দাবি ১৭।৬ পং ঐ মৌজে ঐ ৪৮১ কাত ৪৮৴১০ আঃ ১০৲

৬০৪ খাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ মণ্ডল দিং দাবি ১৪৲৩ পং গয়সাবাদ মৌজে সারপাথিয়া ১৮৪॥ কাত ১।৵৮ আঃ ৫৲

৫৯৪ খাং ডিঃ ঐ দেং বিন্দুবাসিনী দেব্যা দাবি ২৯৲৩ পঃ রুকুনপুর মৌজে চিন্তামণি ৩৮৪ কাত ৪।৵ আঃ ২০৲

৬০৩ খাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ মণ্ডল দাবি ৩২। পং গয়সাবাদ মৌজে সারপাথিয়া ৪৴ কাত ৪॥ আঃ ১৫৲

৫৯৯ খাং ডিঃ ঐ দেং মোকসোদ সেখ দাবি ২৯৶৬ পং রুকুনপুর মৌজে মারুয়াবাদী ৩৮১॥ কাত ৪॥ আঃ ১৫৲

৫৯৬ খাং ডিঃ ঐ দেং বিন্দুবাসিনী দেব্যা দাবি ১০॥৵ পঃ ঐ মৌজে বয়রা ১৴৪॥ কাত ৶৶৬ আঃ ৫৲

৫৯৮ খাং ডিঃ ঐ দেং প্রভাতকুমার দাস নাঃ পক্ষে অলি মাতা ও স্বয়ং ভোলা দাসী দাবি ১১৶৯ পং ঐ মৌজে বিল ডোমকোল ২৮১৮৵ কাত ১৴০ আঃ ৫৲

৫৯৩ খাং ডিঃ ঐ দেং ভরত ভকত দাবি ৪২৮৶ পঃ ঐ মৌজে তেঁতুলিয়াপাড়া ৮৮১৮ কাত ৬৮৴৩ আঃ ২৫৲

৬০০ খাং ডিঃ ঐ দেং চয়লাল সাহানা দাবি ৩৯।৶৬ পঃ ঐ মৌজে পাহাড়পুর ১০৴৪। কাত ৬৲৮৯ আঃ ২৫৲

৫৯৭ খাং ডিঃ ঐ দেং আবদুলকুদ্দাশ সেখ দাবি ৩৪৲৯ পঃ ঐ মৌজে বয়রা ৫৮৪। কাত ৬।৴৬ আঃ ২৫৲

৬০১ খাং ডিঃ ঐ দেং মহেশচন্দ্র চৌবে দাবি ৪৩॥৵৯ পঃ ঐ পাহাড়পুর ১২॥৪ কাত ৮॥৶ আঃ ২৫৲

৪৬৫ খাং ডিঃ ঐ দেং সোনাদ্দি সেখ দিঃ দাবি ৪৮॥৵৬ পঃ নস্করপুর মৌজে গাঁতি দিয়াড় মানিকচক ৭৴৩ কাত ৬॥৴৩ আঃ ১০৲

৪৮৪ খাং ডিঃ মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী কে, সি, আই, ই, দেং খুবলাল মণ্ডল দাবি ৬৮৵৩ পঃ রুকুনপুর মৌজে তোকিরকুলি দিয়াড় ২১॥২॥৶ কাত ২১॥৵ আঃ ২০৲

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১ ;
চরক সংহিতা।

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।
আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটায় মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটী
জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)।




## সুরমা ও সুকেশ।

সুকেশ না হইলে রমণী সুরমা হইতে পারে না। বস্তুতঃ কেশই কামিনী গণের প্রধান সৌন্দর্য্য। নিখুঁৎ সুন্দরীকেও কেশের অভাবে বড় কদর্য্য দেখায়। অতএব কেশের শ্রীবৃদ্ধি জন্য সকলেরই চেষ্টা করা উচিত। উপায় থাকিতে তাহাতে উপেক্ষা করিতেছেন কেন? শুনেন নাই কি?—আমাদের "সুরমা" তৈল কেশের সৌন্দর্য্য বাড়াইতে অদ্বিতীয়! "সুরমা" ব্যবহারে অতিশীঘ্র কেশ ঘন দীর্ঘ কাল ও কুঞ্চিত হয়। ইহা পরীক্ষিত সত্য। সন্দেহ করিবেন না, শুধু ইহাই নহে,—"সুরমা" মাথা ঠাণ্ডা রাখে, মাথাধরা, মাথাঘোরা, মাথাজ্বালা, অনিদ্রা প্রভৃতি যন্ত্রণারও সত্বর উপশম করে। কোন ঔষধে যে টাক ভাল করিতে পারেন নাই, একবার সুরমা ব্যবহার না করিয়া, তাহাতেও হতাশ হইবেন না। বিশ্বাস রাখিবেন—সুরমার সদ্‌গন্ধ—জগতে অতুলনীয়। বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা মাত্র, মাশুলাদি ।৶৹ সাত আনা। একত্র বড় তিন শিশির মূল্য ২৲ দুই টাকা, মাশুলাদি ৸৴৹ তের আনা। ৵৹ দুই আনার টিকিট পাঠাইয়া নমুনা লউন।

## জ্বরাশনি।

"জ্বরাশনি" জ্বরের অমোঘ বজ্রস্বরূপ। নূতন, পুরাতন, জীর্ণ বিষম, যেমনই জ্বর হউক, তিন, চারি দিন মাত্র জ্বরাশনি সেবন করিলেই তাহা নিশ্চয় বন্ধ হইয়া যায়। অথচ কুইনাইন আটকান জ্বরের মত সে জ্বর বারংবার ঘুরিয়া ফিরিয়া আক্রমণ করে না, "কুইনাইন ব্যতীত ম্যালেরিয়ার ঔষধ নাই" যাঁহারা মনে করেন, তাঁহাদিগকে একবার এই জ্বরাশনি সেবন করিতে অনুরোধ করিতেছি। কম্পজ্বর, পালাজ্বর, পাক্ষিক জ্বর, যকৃৎপ্লীহাদি উপদ্রব সংযুক্ত জ্বর প্রভৃতি ম্যালেরিয়ার যে কোন অবস্থায় এই ঔষধ সেবন করিয়া দেখুন—ইহা কেমন সহজে ও স্বল্প দিনে দেহ রোগমুক্ত করিয়া, সুস্থ সবল করিয়া দিবে। পেটেণ্ট ঔষধ খাইয়া খাইয়া যাঁহারা তিক্ত-বিরক্ত হইয়াছেন, তাঁহারাও একবার এই ঔষধ না খাইয়া হতাশ হইবেন না। ইহার একশিশির মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ।৶৹ সাত আনা।

## প্রমেহরোগের জ্বালা যন্ত্রণা

সবই দূরে যাইবে। স্রাব, স্ফীত, প্রদাহ, মূত্রত্যাগকালে বিজাতীয় যাতনা প্রভৃতি সবই প্রশমিত হইবে। আপনি নিঃশঙ্কচিত্তে আমাদের "গণোকিল" ব্যবহার করুন। অসংখ্য রোগী ইহার সহায়তায় গোপনে রোগমুক্ত হইয়া আমাদের ধন্যবাদ দিয়াছেন। কেন আপনি বৃথা রোগকষ্ট ভোগ করেন? রোগের অবস্থা লিখিয়া আমাদিগকে জানাইবেন। অর্ডার পাইলেই আমরা "গণোকিল" পাঠাইয়া দিব। এক শিশির মূল্য ১॥৹ দেড় টাকা মাশুলাদি ।৶৹ সাত আনা।

### এস, পি, সেন এণ্ড কোম্পানীর স্বদেশ গৌরব এসেন্স।

চামেলী।—চামেলীর সৌমভ বড় স্নিগ্ধ—বড় মধুর।

সাবিত্রী।—সাবিত্রী, সাবিত্রী-চরিত্রের মতই পরম পবিত্র ও স্পৃহনীয় পদার্থ।

মল্লিকা।—বেলা-যুথিকাদির সহিত মল্লিকা চিরদিনই একাসন অধিকার করে

চম্পক।—চাঁপার তীব্রতা কেমন উজ্জ্বল-মধুরে পারণত হইয়াছে, তাহা দেখিবার জিনিষ!

বেলা।—অবসন্ন গ্রীষ্মবেলায় 'বেলার' গন্ধ যেন স্বর্গসুখ আনিয়া দেয়।

যূথিকা।—আমাদের ঘরের যুথিকাই বিলাতী সাজে 'জেস্‌মিন্‌' হইয়া উঠিয়াছে।

কামিনী।—যামিনীর জ্যোৎস্না কামিনীর সৌরভে মধুরতর হইয়া উঠে।

মস্ক্‌জেসমিন।—মিলিত নামই ইহার মিলনের মধুরতা প্রকাশ করিতেছে।

প্রত্যেক পুষ্পসার বড় এক শিশি ১৲ এক টাকা। মাঝারি ৸৹ বার আনা। ছোট ॥৹ আট আনা। মাশুলাদি ।৴৹ পাঁচ আনা।

মিল্ক্‌ অব্‌ রোজ।—ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৴৹ পাঁচ আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

এস, পি, সেন এণ্ড কোম্পানী,
ম্যানুফ্যাকচারিং কেমিষ্টস্‌,
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা